



**শর্তাবলী:**

- ১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রপ্তানি ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সিডিউল ক্রয়ের মানি রশিদ কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি, হাল নাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জেলা পরিষদ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জামানত/বায়নার টাকার মূল বিডি/পিও, দরপত্রের নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখসহ সত্যায়িত নমুনা স্বাক্ষর দিতে হবে। (প্রতি কাগজ আলাদা আলাদাভাবে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে)।
- ২। গাছের প্রদত্ত দরের ২.৫% বিডি (ফেরতযোগ্য) "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর" এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ৩। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহারযোগ্য হবে না। ১ম দফার দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান থাকবে।
- ৪। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ৭.৫% ভ্যাট চালানোর মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৫। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।
- ৬। দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে সবুজ চিহ্নিত গাছ অবশ্যই দেখে নিবেন। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ মরা, পঁচা, বা অন্য কোর ওজর আপত্তি উপস্থাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহণযোগ্য হবে না।
- ৭। গাছ অপসারণের সময় বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটাবেন/সমস্যা সমাধান করবেন।
- ৮। দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।
- ৯। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।
- ১০। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।
- ১১। বনজন্ম পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ(টিপি) গ্রহণ করতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা:

( জিনাত রেহানা )

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, দিনাজপুর।

ফোন: ০২৫৮৯৯২৩৩৮২

ই-মেইল: zpdinajpur@lgd.gov.bd

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, দিনাজপুর।
- ৩। পুলিশ সুপার, দিনাজপুর।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাস্তব স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৪.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, .....দিনাজপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, .....দিনাজপুর। বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত উক্ত তারিখ ও সময়ে দরপত্র বাস্তব স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ৪.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ/ এলজিইডি/ জনস্বাস্থ প্রকৌশলী অধিদপ্তর, দিনাজপুর।
- ৯। মেয়র, .....পৌরসভা, দিনাজপুর।
- ১০। সদস্য/ সংরক্ষিত আসনের সদস্য, ..... ওয়ার্ড, জেলা পরিষদ, দিনাজপুর।
- ১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, দিনাজপুর।
- ১২। ইউপি চেয়ারম্যান, .....দিনাজপুর।
- ১৩। নোটিশ বোর্ড/ ওয়েব সাইট।
- ১৪। অফিস কপি।

( জিনাত রেহানা )

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, দিনাজপুর।

ফোন: ০২৫৮৯৯২৩৩৮২

ই-মেইল: zpdinajpur@lgd.gov.bd

১/১/২৬